গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর,
লোহাগাড়া,চট্টগ্রাম।

তারিখ: ১১/০৫/২০২২

স্মারক নং: ৩৪.০১.১৫৪৭.০০০.৪৫.১.২০১৮-১১

"নোটিশ"

প্রাপক:............................ (সদস্য)
লোহাগাড়া,চট্টগ্রাম।

বিষয়:যুব উন্নয়ন অধিদপ্তর এর আওতায় চলমান বিষয়ে স্থায়ী কমিটির এক সভার আয়োজন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, যুব উন্নয়ন ও ক্রীড়া উন্নয়ন এর স্থায়ী কমিটি মহোদয়ের সিদ্ধান্তক্রমে অত্র উপজেলায় যুব উন্নয়ন অধিদপ্তর এর আওতায় চলমান (যুব প্রশিক্ষণ,যুবকদের আত্নকর্ম সংস্থান, যুব ঋণ ও ক্রীড়া) বিষয়ে আগামী ১৮/০৫/২০২২ ইং তারিখ রোজ বুধবার সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষে এক সভার আহবান করা হয়েছে।

উক্ত সভায় আপনাকে একজন সম্মানিত সদস্য হিসাবে যথাসময়ে উপস্থিত থেকে আপনার মতামত উপস্থাপনের জন্য অনুরোধ করা হলো।

(এম,ইব্রাহিম)
ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ
ও
সভাপতি,যুব ও ক্রীড়া উন্নয়ন এর স্থায়ী কমিটি।

তারিখ:

স্মারক নং: ৩৪.০১.১৫৪৭.০০০.৪৫.১.২০১৮-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য।

১।মাননীয় সংসদ সদস্য,চট্টগ্রাম-১৫, চট্টগ্রাম।
২।উপ-পরিচালক,যুব উন্নয়ন অধিদপ্তর,চট্টগ্রাম।
৩।চেয়ারম্যান,উপজেলা পরিষদ,লোহাগাড়া,চট্টগ্রাম।
৪।উপজেলা নির্বাহী অফিসার,লোহাগাড়া,চট্টগ্রাম।
৫।সকল সদস্য,........................

(এম,ইব্রাহিম)
ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ
ও
সভাপতি,যুব ও ক্রীড়া উন্নয়ন এর স্থায়ী কমিটি।

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর,
লোহাগাড়া,চট্টগ্রাম।
<u>যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি</u>

স্মারক নং: ৩৪.০১.১৫৪৭.০০০.৪৫.১.২০১৮-১২ তারিখ: ১৮/৫/2022

তারিখ :১৮/৫/২০২২ ইং
সভাপতি :জনাব এম ইব্রাহিম,উপজেলা ভাইসচেয়ারম্যান,উপজেলাপরিষদ,লোহাগাড়া,চট্টগ্রাম।
স্থান :উপজেলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা:

| | | |
|---|---|---|
| ১। জনাব এম.ইব্রাহিম, উপজেলা ভাইস চেয়ারম্যান | সভাপতি | স্বাক্ষরিত |
| ২ জনাব বেগম রেশমি আক্তার | সদস্য | স্বাক্ষরিত |
| ৩ জনাব জহির উদ্দিন,চেয়ারম্যান,পদুয়া ইউ.পি | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ বেগম কহিনুর আকতার | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য সচিব | স্বাক্ষরিত |

আলোচ্য সূচী ১। যুব ঋণ বিতরণ।
২। প্রশিক্ষণ
৩। আত্মকর্মসংস্থান
৪। ক্রীড়া সংক্রান্ত।
৫। বিবিধ।

কমিটির আহবায়ক উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব এম ইব্রাহিম মহোদয়ের সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উপজেলা যুব উন্নয়ন অফিসারকে সভার কাজ শুরু করতে বলেন। উপজেলা যুব উন্নয়ন অফিসার উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। আলোচ্য সূচী অনুযায়ী নিম্মলিখিতভাবে আলোচনা ও সিদ্ধান্ত সমুহ গ্রহন করা হয়।

আলোচনা ও সিদ্ধান্ত সমুহ:

আলোচনা:নং-১। যুব ঋণ: সদস্য সচিব সভায় জানান যে, যুব উন্নয়ন অধিদপ্তর লোহাগাড়া কার্যালয় অফিস শুরু হইতে ঋণ তহবিল হিসাবে=২৩.১৮.৮০০/- টাকা প্রধান কার্যালয়,ঢাকা হইতে পায়। বর্তমানে মাঠে বিতরণ=২,৫৯,২৮,০০০/- মোট=৭৮২ জন ঋণীর মধ্যে উক্ত টাকা বিতরন করা হয়। ঋণ আদায়ের হার ৮৯.৪৬% প্রায়।বকেয়া টাকার পরিমান প্রায়:১৮৭১৮৫০/- টাকা।

সিদ্ধান্ত:০১।বকেয়া টাকা আদায়ের ব্যাপারে সভার সভাপতি জানান ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বারদের নিকট ঋণ খেলাপীদের তালিকা প্রেরনের জন্য বলেন।চেয়ারম্যানগন তালিকা অনুযায়ী নোটিশ প্রদান করে ঋণ পরিশোধের তাগিদ দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা নং-২।সদস্য সচিব যুব উন্নয়ন কর্মকর্তা জনাব আতিকুর রহমান হক সভায় আরো জানান যে, প্রশিক্ষণ কার্যক্রম শুরু হইতে রাজস্ব অংশে ১৬৫৩ জন পুরুষ এবং ২৭১৩ জন মহিলা মোট=৪০৬৩ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়।

সিদ্ধান্ত: ০২। সভার সভাপতি ভবিষ্যতে যুগউপযোগী আধুনিক প্রযুক্তির সাথে সম্পৃক্ত প্রশিক্ষণ গুলো দেওয়ার জন্য বলেন এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-২



CamScanner

আলোচনা নং-৩ আত্মকর্মসংস্থান: বেকার যুব ও যুব মহিলাদের আরো বেশী পরিমানের টাকা দিয়ে আত্মকর্মী হিসাবে গড়ে তোলার জন্য সভায় উপস্থিত সদাসগন বলেন সভার সদস্য সচিব এই ব্যাপারে উর্ধতন কর্তৃপক্ষকে পত্র দিয়ে জানানোর ব্যাপারে আলোচনা হয়।

সিদ্ধান্ত: ০৩। সভার সদস্য সচিব আরো বেশী অংকের টাকা যুব ঋন দিয়ে বেকার যুবদের আত্মকর্মী করার ব্যাপারে উর্ধতন কর্তৃপক্ষকে পত্র দিবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা নং:০৪ । এজেন্ডা অনুযায়ী সভার সদস্য জনাব জহির উদ্দিন জানান যে, বর্তমান অর্থ বৎসরে অনিবার্য কারনে চেয়ারম্যান গোল্ড কাপ আয়োজনে বিলম্ব হচ্ছে স্কুল ও মাদ্রাসার ফুটবল খেলা নির্দিষ্ট সময়ের আগে প্রাথমিক বাছাই পর্বের খেলাগুলি অনুষ্ঠিত হবে।

সিদ্ধান্ত: ০৪। সভার সভাপতি জেলাতে খেলার টিম প্রস্তুত রাখার জন্য বলেন এবং এই ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ: সভাপতি জনাব এম ইব্রাহীম, উপজেলা ভাইস চেয়ারম্যান জানান স্থায়ী কমিটির সভা ২ মাস অন্তর অন্তর অনুষ্ঠিত হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

( এম.ইব্রাহিম)
সভাপতি
উপজেলা স্থায়ী কমিটি
ও
উপজেলা ভাইস চেয়ারম্যান
লোহাগাড়া,চট্টগ্রাম।
তারিখ:

স্মারক নং: ৩৪.০১.১৫৪৭.০০০.৪৮.২০১৮-

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হইল।
১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ,লোহাগাড়া,চট্টগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, লোহাগাড়া,চট্টগ্রাম।
৩। অফিস কপি।

(এম.ইব্রাহিম)
সভাপতি
উপজেলা স্থায়ী কমিটি
ও
উপজেলা ভাইস চেয়ারম্যান
লোহাগাড়া,চট্টগ্রাম।